# তারেক রহমান সিলেটে শাহজালাল (রহ.) মাজার জিয়ারত করলেন



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারম্যান তারেক রহমান বুধবার রাতে সিলেটে হযরত শাহজালাল (র.) এর মাজার জিয়ারত করেন। মাজারে তিনি মোনাজাত ও পবিত্র এশার নামাজ আদায় করেন। এরপর হযরত শাহপরাণ (র.) এর মাজারের উদ্দেশে রওনা হন।

সন্ধ্যা ৭টা ৫৬ মিনিটে তিনি বহনকারী বিমান সিলেটের ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করেন। সঙ্গে ছিলেন স্ত্রী জোবাইদা রহমান, বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও কেন্দ্রীয় নেতারা। স্থানীয় নেতারা বিমানবন্দরে তাকে স্বাগত জানান। আগামীকাল তিনি সিলেট আলিয়া মাদ্রাসা মাঠে নির্বাচনী সমাবেশে অংশ নেবেন।

সিলেট সফরে তারেক রহমান পর্যায়ক্রমে মৌলভীবাজার, হবিগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া, কিশোরগঞ্জ, নরসিংদী ও নারায়ণগঞ্জে সমাবেশে বক্তব্য রাখবেন।

LENS ASIA